

সত্যি নাটক

আয়না চিন ড্রেসিং ম ময়লা কাপড় জামা  
আজকে কিসের ড্রামা  
ধামসা মাদল মদন ভেড়ি মোরগ লড়াই সেই  
হারিয়ে ফেলি থেই

লোক দ্যাখানো কান্না হাসি কুড়ুই হাততালি  
রাম এসে রোজ বধ করে যায় বালী

আর চলেনা আর চলেনা সেকেলে সব ড্রামা  
পাণ্টে ফেলুন জামা  
পাণ্টে ফেলুন আর যা কিছু খোল নোচলে বিবি  
পাঁচ আঙ্গুলে মানিয়েছে বেশ হিরে গোমেদ বি  
রাজার দুচোখ মঞ্চ পোড়ায় মঞ্চ ভাঙ্গে, তবু  
এগিয়ে আসেন হবু  
হাজার কুশী লব  
দুরন্ত রৌরব  
ভাত জোটে তো নুন জোটেনা  
কুঁড়িয়ে থাকে ফুল ফোটেনা  
হয়েছে তাতে কী

সত্যি নাটক দেখবো বলে দুচোখ বেঁধেছি

সাধন বারিক

